

# দৈনিক ইত্তেফাক

প্রতিদিন অজান্তে হোসেন মানিক মিয়া

সরকারি হলো আরো ১৯ স্কুল ও ৩ কলেজ

 ১২ অক্টোবর, ২০১৮ ইং ০০:০০ মিঃ

## ইত্তেফাক রিপোর্ট

আরো তিনটি কলেজ এবং ১৯টি মাধ্যমিক স্কুল সরকারি করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সরকারি হওয়া কলেজগুলো হলো— হরিগঞ্জের লাখাই মুক্তিযোদ্ধা কলেজ, পিরোজপুরের ইন্দুরকানী ডিগ্রি কলেজ এবং জয়পুরহাটের আকেলপুর মুজিবুর রহমান কলেজ।

সরকারি হওয়া মাধ্যমিক স্কুল হলো— শরীয়তপুরের জাজিরা উপজেলার জাজিরা মোহর আলী মডেল উচ্চ বিদ্যালয়, নওগাঁর রাধীনগর উপজেলার রাধীনগর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, একই জেলার মান্দা উপজেলার গোটহাটী শহীদ মামুন হাই স্কুল ও কলেজ, সিরাজগঞ্জের শাহজাদপুরের শাহজাদপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, বরগুনার বামনা উপজেলার সারওয়ার জান পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, বগুড়ার শিবগঞ্জ উপজেলার শিবগঞ্জ পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, শরীয়তপুরে নড়িয়া উপজেলার নড়িয়া বিহারী লাল পাইলট (মডেল) উচ্চ বিদ্যালয়, শেরপুরের নকলা উপজেলার নকলা পাইলট উচ্চ বিদ্যালয়, একই জেলার বিনাইগাতী উপজেলার বিনাইগাতী মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, পিরোজপুরের নেছারাবাদের (স্বরূপকাটী) স্বরূপকাটী পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়, নারায়ণগঞ্জের কুপগঞ্জ উপজেলার মুড়াপাড়া পাইলট মডেল হাইস্কুল, দিনাজপুরের বেচাগঞ্জ উপজেলার সেতাবগঞ্জ পাইলট মডেল উচ্চ হাইস্কুল, টাঙ্গাইলের সখিপুর উপজেলার সখিপুর পিএম পাইলট মডেল স্কুল অ্যান্ড কলেজ, নরসিংহদীর মনোহরদী উপজেলার মনোহরদী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, গাজীপুরের শ্রীপুর উপজেলার শ্রীপুর পাইলট উচ্চ বিদ্যালয়, মানিকগঞ্জের সিংগাইর উপজেলার সিংগাইর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, পটুয়াখালীর দুমকি উপজেলার লেবুখালী হাবিবুল্লাহ মাধ্যমিক বিদ্যালয়, মানিকগঞ্জের দৌলতপুর উপজেলার দৌলতপুর পিএস মডেল উচ্চ বিদ্যালয় এবং সিরাজগঞ্জের বেলকুচি উপজেলার সোহাগপুর এস কে পাইলট উচ্চ বিদ্যালয়।

আদেশে বলা হয়েছে, সরকারি হওয়া এসব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা অন্যত্র বদলি হতে পারবেন না। এর আগে গত ৯ অক্টোবর ৩টি, ১২ সেপ্টেম্বর ১৪টি, ২৭ আগস্ট ৫টি এবং ১২ আগস্ট ২৭১টি বেসরকারি কলেজকে সরকারিকরণের প্রজ্ঞাপন জারি করে শিক্ষা মন্ত্রণালয়। এ নিয়ে এ বছর ২৯৬টি বেসরকারি কলেজ সরকারি করা হলো। এছাড়া গত ৯ অক্টোবর ২৫টি, ২৭ সেপ্টেম্বর ২৫টি, গত ২৪ সেপ্টেম্বর ৪৩টি, ১৬ সেপ্টেম্বর একটি, ১৪ মে ৪৪টি, ২৮ আগস্ট ১২টি, ৭ মে ১২টি, ২১ মে ২৪টি এবং ১১ এপ্রিল ২১টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হয়েছে।

তারপ্রাণ সম্পাদক: তাসমিমা হোসেন।